



আওয়ামী লীগের নিষেধাজ্ঞা প্রত্যাহারের কোনো সম্ভাবনা নেই: আইন উপদেষ্টা



সংগৃহীত ছবি

আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল বলেছেন, আওয়ামী লীগের কার্যক্রমের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহারের কোনো সুযোগ এখন নেই। তিনি ইঙ্গিত দেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের উদ্যোগে সংগঠন হিসেবে আওয়ামী লীগের বিচার প্রক্রিয়া এগোচ্ছে।

আওয়ামী লীগের কার্যক্রমের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার কোনো সম্ভাবনা নেই বলে জানিয়েছেন আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। বুধবার (১ অক্টোবর) দুপুরে বরিশালে দুর্গাপূজা মণ্ডপ পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, “যখন কোনো রাজনৈতিক দলের কার্যক্রম নিষিদ্ধ হয়, তখন তা অস্থায়ী নাকি স্থায়ী—এই প্রশ্নটি স্বাভাবিকভাবে ওঠে। তবে বর্তমান প্রেক্ষাপটে আমি যতটুকু জানি, আওয়ামী লীগের ওপর দেয়া নিষেধাজ্ঞা প্রত্যাহারের সম্ভাবনা একেবারেই নেই।”

আইন উপদেষ্টা আরও বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশন টিম ইতোমধ্যে আওয়ামী লীগকে সংগঠন হিসেবে বিচারের আওতায় আনার বিষয়ে পদক্ষেপ নিচ্ছে। তাই নির্বাচনের আগে তো নয়ই, নিকট ভবিষ্যতেও এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের সম্ভাবনা নেই।

বিদেশি গণমাধ্যমে প্রধান উপদেষ্টার সাম্প্রতিক সাক্ষাৎকার প্রসঙ্গে আসিফ নজরুল বলেন, “প্রধান উপদেষ্টা একাধিকবার স্পষ্ট করে বলেছেন—আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধেই জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। ফেব্রুয়ারির পরে এই সরকারের ক্ষমতায় থাকার কোনো ইচ্ছা নেই।”

এ ছাড়াও পাহাড়ে অশান্তি সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেয়ার হুঁশিয়ারি দেন আইন উপদেষ্টা। তিনি বলেন, শান্ত পাহাড়কে যারা অশান্ত করছে, তাদের কোনো ছাড় দেয়া হবে না।